18 JAN 2003

দৈনিক জনকণ্ঠ

তারিখ 18 JAN 2003
পৃষ্ঠা ১ কলাম ৫

18 JAN 2003

# শিক্ষক সমিতি নেতা কাজী ফারুককে অধ্যক্ষের পদ থেকে অপসারণ আদেশ হাইকোর্টে স্থগিত

সুপ্রীমকোর্ট রিপোর্টার ॥ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব কাজী ফারুক আহমেদকে শেখ বোরহানুদ্দীন কলেজের অধ্যক্ষ পদ থেকে অপসারণের শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ হাইকোর্ট স্থগিত করে দিয়েছে। সেই সঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের এই আদেশ কেন

(২- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## শিক্ষক সমিতি নেতা কাজী

(প্রথম পাতার পর)

আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করা হবে না- এ মর্মে কারণ দর্শানোর জন্য সরকারের ওপর রুলনিশি জারি করা হয়েছে। আগামী চার সপ্তাহের মধ্যে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এই রুলনিশির জবাব দিতে হবে।

মঙ্গলবার বিচারপতি এমএ আজিজ ও বিচারপতি নজরুল ইসলাম চৌধুরী সমন্বয়ে গঠিত হাইকোর্ট ডিভিশন বেঞ্চ কাজী ফারুক আহমেদের দায়েরকৃত রিট আবেদনের প্রেক্ষিতে এই আদেশ প্রদান করে। রিট আবেদনে বলা হয়, শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব শাহেদ ইকবাল, মোঃ মাহবুব-উর-রহমান গত ৪ জানুয়ারি শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে শেখ বোরহানুদ্দিন কলেজের পরিচালনা পরিষদের সভাপতি বরাবর এক পত্র প্রেরণ করেন। এতে কাজী ফারুক আহমেদকে ওই কলেজের অধ্যক্ষের পদ থেকে অপসারণসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণের নির্দেশ দেয়া হয়। কাজী ফারুক আহমেদের পক্ষে মামলা পরিচালনা করেন সিনিয়র এ্যাডভোকেট মোস্তফা নিয়াজ মোহাম্মদ, এ্যাডভোকেট মোঃ আফতাব উদ্দীন ও ফজলুল হক ভূঁইয়া।